

# শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্র/অফিস আদেশ সমূহের সারসংক্ষেপ

- ঢ় শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষাদানের মাধ্যমে সৃজনশীল, সৃষ্টিশীল, নীতিবান, দেশপ্রেমিক, মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ তথ্য প্রযুক্তি নির্ভর বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তোলা।
- ঢ় Sustainable Development Goal-4(SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা।
- ঢ় শিক্ষকগণের শিক্ষা প্রতিষ্ঠানে যথাসময়ে উপস্থিত এবং ফলপ্রসূ পাঠদান নিশ্চিত করা।
- ঢ় প্রাত্যহিক সমাবেশে শুন্দভাবে জাতীয় সঙ্গীত পরিবেশন ও অন্যান্য কার্যক্রমের সাথে শিক্ষার্থীদেরকে দিয়ে দুইটি নৈতিক বাক্য পাঠ করা।
- ঢ় শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকদের নিয়ে নিয়মিতভাবে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা।
- ঢ় নির্ধারিত শিক্ষকের অনুপস্থিতিতে কোন ক্লাশ বন্ধ না রাখা।
- ঢ় শ্রেণিকক্ষে পাঠ্যপুস্তকের বাইরে কোন নোটবুক এবং গাইড বই ব্যবহার না করা।
- ঢ় মাল্টিমিডিয়া ও কম্পিউটার ল্যাব ব্যবহার নিশ্চিত করা এবং সকল শিক্ষককে আইসিটি বিষয়ে পারদর্শী করে তোলা।
- ঢ় সহশিক্ষা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং বিজ্ঞানাগার ও লাইব্রেরি ব্যবহার নিশ্চিত করা।
- ঢ় স্টুডেন্ট কেবিনেট নির্বাচন(মাধ্যমিক পর্যায়ে) এবং এর কার্যকর ব্যবহার নিশ্চিত করা।
- ঢ় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্দ) লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে রাখা এবং পড়ার জন্য সকলকে উৎসাহিত করা।
- ঢ় স্কাউটস্/গার্লস গাইড দল গঠন ও সক্রিয় রাখা।
- ঢ় গুজব ও অপপ্রচার বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
- ঢ় যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন ও অভিযোগ বাত্স স্থাপন করা এবং যৌন হয়রানি বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
- ঢ় ডেঙ্গুজর ও অন্যান্য রোগ প্রতিরোধে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।
- ঢ় শিক্ষার্থীদের সুস্বাস্থ গঠনের জন্য ৫টি হাইজিনের নিয়মাবলী অনুসরণ, নিয়মিত শাক-সবজিসহ সুষম খাদ্য গ্রহণ ও স্বাস্থ্য বিধি মেনে চলার উদ্ব�ুদ্ধ করা। খোলা ও মুখরোচক খাদ্য দ্রব্য গ্রহণে পরিহার করা।
- ঢ় শিক্ষা প্রতিষ্ঠানের সামনে রাস্তা পারাপারের জন্য জেব্রা ক্রসিং স্থাপন/ব্যবহার করা ও সড়ক ব্যবহারে ট্রাফিক আইন বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।
- ঢ় জাতীয় দিবস ও মন্ত্রণালয়ের নির্দেশিত কর্মসূচি যথাযথ মর্যাদায় পালন করা।
- ঢ় শ্রেণি শিক্ষকের মাধ্যমে প্রশ্নপত্র প্রণয়ন করা ও কোচিং কার্যক্রম থেকে বিরত থাকা।
- ঢ় শিক্ষাপ্রতিষ্ঠান চতুরে ধূমপান ও তামাক জাতীয় দ্রব্য ব্যবহার পরিহার করা।
- ঢ় মাদক, স্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে শিক্ষার্থীদের সচেতন করা।
- ঢ় শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড কর্তৃক জারিকৃত অফিস আদেশ, পরিপত্র ও প্রজ্ঞাপন সংরক্ষণ, অনুসরণ এবং বাস্তবায়ন নিশ্চিত করা।